# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

সূত্র: নাসিক/ওয়ার্ড নং-০৪/২৫৩ তারিখ: ২০/০২/২০২৬ খ্রি.

## সভার নোটিশ

**বিষয়: ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভায় যোগদান প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ২৬/০২/২০২৬ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় ৪নং ওয়ার্ড কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচী:-**

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। অবকাঠামো নির্মান ও উন্নয়ণ প্রস্থাবনা প্রসঙ্গে।

৩। কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা প্রসঙ্গে।

৪। মশক নিধন কার্যক্রম।

৫। বিবিধ।

শুভেচ্ছান্তে,

(খন্দকার মোহাম্মদ নাজমুল হক)
সভাপতি
৪নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
সহকারী প্রকৌশলী (সিভিল) (চ.দা.)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ০৪নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খন্দকার মোহাম্মদ নাজমুল হক<br>সহকারী প্রকৌশলী (সিভিল) (চ.দা.)<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| ওয়ার্ড নং | : | ০৪ |
| সভার তারিখ | : | ২৬/০২/২০২৬খ্রি. |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকায় |
| সভার স্থান | : | ০৪নং ওয়ার্ড কার্যালয়। |

### সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও সহকারী প্রকৌশলী (সিভিল) (চ.দা.) জনাব খন্দকার মোহাম্মদ নাজমুল হক কমিটির সদস্য সচিব জনাব মোঃ ইমরান হোসেন'কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী-১: গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কামিটির সদস্য সচিব জনাব মোঃ ইমরান হোসেন পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরনীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | ৪নং ওয়ার্ড WLCC কমিটি। |

**আলোচ্যসূচী-২: অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে। | ৪নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব জনাব মোঃ ইমরান হোসেন অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগণ যে সকল দাবী পেশ করেন; তা নিম্নরূপ:<br>১। তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র স্থাপন।<br>২। উত্তর আজিবপুর শাহী মসজিদ থেকে দক্ষিণ দিকে মাসাপাড়া মোঃ আমির হোসেনের বাড়ি পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মান।<br>৩। নগর সাস্থ্য কেন্দ্র স্থাপনের দাবী জানান।<br>৪। আটি গধুলী হল রোড থেকে উত্তর দিকে মজুমদার বাড়ীর ক্যানেল পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মান।<br>৫। আটি আরএম ওয়েল মিল এর পাশে ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>৬। কোনাপাড়া কসাইপাড়া হয়ে রেল লাইন থেকে ছাপাখানা পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>৭। এনসিসি এর অধীনে ৪নং ওয়ার্ডের সংযোগ সড়কের সাথে খাল পর্যন্ত সিদ্ধিরগঞ্জ বউ বাজার থেকে দক্ষিন দিকে ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>৮। ৪নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কারকরন।<br>৯। সিদ্ধিরগঞ্জ বাগানবাড়ী থেকে এইপিজেড ৪নং ওয়ার্ডের সংযোগ সড়ক পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ। | ৪নং ওয়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ জানিয়ে প্রশাসক, নারায়ণগগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

CamScanner

**আলোচ্যসূচী-৩: কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা প্রসঙ্গে।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায় অগ্রগতি পর্যালোচনা প্রসঙ্গে। | WLCC'র সদস্য সচিব জনাব মোঃ ইমরান হোসেন সভাকে অবহিত করেন যে, আমাদের এই ওয়ার্ডে মোট ৪৭.৬৭% পৌরকর আদায় হয়েছে। বিভিন্ন বৈদেশিক প্রকল্পের অন্যতম শর্ত হলো নূন্যতম ৮০% পৌরকর আদায় করা। এ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে প্রকল্প সহায়তা কমে যাবে, যার ফলে সিটি কর্পোরেশনসহ সকল নাগরিক ক্ষতিগ্রস্থ হবে। তিনি উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | (ক) পৌরকর আদায়ের জন্য ওয়ার্ড ভিত্তিক ক্যাম্পিং করার সুপারিশ গৃহীত হয়।<br>(খ) উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৪: মশক নিধন কার্যক্রম প্রসঙ্গে।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মশক নিধন কার্যক্রম প্রসঙ্গে। | WLCC'র সদস্য সচিব জনাব মোঃ ইমরান হোসেন সভাকে অবহিত করেন যে, আমাদের ৪নং ওয়ার্ডে দিন দিন মশার উপদ্রব বেড়েই চলছে। তিনি অত্র ওয়ার্ডে মশার ঔষধ প্রদানের দাবী জানান এবং উপস্থিত সবাইকে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | ৪নং ওয়ার্ডে মশার ঔষধ প্রদানের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | মশক নিধন শাখা, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৫: বিবিধ।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিবিধ। | WLCC'র সদস্য জনাব রওশন আরা মনি বলেন যে, ৪নং ওয়ার্ডে অধিক হারে মাদক সেবনকারী দিন দিন বেড়ে চলছে। যার কারনে চুরি-ছিনতাই ও ইপটিজিং ইত্যাদি অপরাধমূলক কাজে তারা লিপ্ত হচ্ছে। তাই তিনি এই অপরাধমূলক কাজে যাতে লিপ্ত না হয় তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন। | আইন শৃংঙ্খলা বাহিনীকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪নং ওয়ার্ড WLCC কমিটি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(খন্দকার মোহাম্মদ নাজমুল হক)
সভাপতি
৪নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
সহকারী প্রকৌশলী (সিভিল) (চ.দা.)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# পরিশিষ্ট "ক"

## ০৪ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা।

তারিখ:

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব খন্দাকার মোহাম্মদ নাজমুল হক | সভাপতি | 01711-943846 | |
| ০২ | জনাব মোঃ বাসেদ বেপারী | সদস্য | 01684-213763 | বাসেদ |
| ০৩ | জনাব মোঃ বশির উদ্দিন বাসি | সদস্য | 01681-735849 | |
| ০৪ | জনাব মোঃ আঃ কাদির জিলানী হীরা | সদস্য | 01684-371250 | Hira |
| ০৫ | জনাব মোঃ সালামত উল্লাহ | সদস্য | 01727-644222 | |
| ০৬ | জনাব রওশন আরা মনি | সদস্য | 01731-574016 | মনি |
| ০৭ | জনাব পুতুল আক্তার | সদস্য | 01993-925700 | putul |
| ০৮ | জনাব শাহানাজ আক্তার | সদস্য | 01603-920506 | শাহানাজ |
| ০৯ | জনাব নার্গিস আক্তার | সদস্য | 01933-579547 | নার্গিস |
| ১০ | জনাব মোহাম্মদ সফিউর রহমান খান | সদস্য | 01764-624099 | |

CamScanner

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১ | জনাব মোঃ নজরুল ইসলাম | সদস্য | 01674-725281 | Nazrul |
| ১২ | জনাব মোঃ ইকবাল হোসেন রানা | সদস্য | 01712-455205 | |
| ১৩ | জনাব মোঃ ওমর ফারুক (ওমর) | সদস্য | 01791-223142 | [illegible] |
| ১৪ | জনাব লিজা আক্তার | সদস্য | 01611-379987 | লিজা |
| ১৫ | জনাব রানী | সদস্য | 01839-110589 | রানী |
| ১৬ | জনাব এ টি এম আব্দুল মান্নান | সদস্য | 01819-127147 | |
| ১৭ | জনাব মোঃ পারভেজ সরদার | সদস্য | 01401-523842 | পারভেজ |
| ১৮ | জনাব মোঃ ইমরান হোসেন | সদস্য সচিব | 01614-800784 | [illegible] |

CamScanner